দৈনিক সংবাদ

তারিখ 11 AUG 1988
পৃষ্ঠা 1 2

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

032

রমনা রেলওয়ে উচ্চ বিদ্যালয়

# ছাত্র শিক্ষকদের অনশন ভঙ্গ

রমনা রেলওয়ে উচ্চ বিদ্যালয়ের ছাত্রছাত্রী, শিক্ষক, অভিভাবক ও কর্মচারীদের দীর্ঘ দশ দিন আমরণ অনশনের পর শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ডঃ

(শেষ পৃ: ১-এর ক: দ্র:)

## ছাত্র শিক্ষকদের অনশন ভঙ্গ

(১ম পাতার পর)

আঃ, হ, ম, করিমের অনুরোধে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সহ-সভাপতি ও প্রধান শিক্ষকের সাথে সম্পাদিত চুক্তির মাধ্যমে স্থায়ী ব্যবস্থা হিসেবে সুরিটোলা এরশাদ সরকারী প্রাথমিক বিদ্যালয়ে বেলা ১১টা হতে ক্লাস করার ব্যাপারে সরকারীভাবে স্বীকৃতি দেয়ার পর অনশনরত শিক্ষক, মনিশংকর হালদার, সহকারী প্রধান শিক্ষক নুরুল ইসলাম, সুলতান আহমদ হাওলাদার অনশন ভংগ করেন। মনিশংকরের অবস্থা অত্যন্ত খারাপ হওয়ায় তাকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। হাসপাতালে ভর্তি বিদ্যালয়ের দপ্তরী মোঃ কোরবান আলীর অবস্থাও অত্যন্ত গুরুতর।

বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষিকা, ছাত্রছাত্রী, কর্মচারী ও অভিভাবকগণ বিদ্যালয়ের অস্তিত্ব রক্ষার্থে সকল সাংবাদিক, রাজনৈতিক, ছাত্র, শ্রমিক, পেশাজীবী ও সাংস্কৃতিক সংগঠন যারা বিভিন্নভাবে সহযোগিতা ও সমর্থন করেছেন তাদের প্রতি আন্তরিকভাবে কৃতজ্ঞতা জানিয়েছেন। খবর সংবাদ বিজ্ঞপ্তির।